

## 🗏 আল-ইনসান (আদ-দাহর) | Al-Insan | ٱلْإِنْسَان

আয়াতঃ ৭৬:১০

আরবি মূল আয়াত:

## إِنَّا نَخَافُ مِن رَّبِّنَا يَومًا عَبُوسًا قَمطَرِيرًا ﴿١٠﴾

## 

আমরা আমাদের রবের পক্ষ থেকে এক ভয়ংকর ভীতিপ্রদ দিবসের ভয় করি। — আল-বায়ান আমরা কেবল ভয় করি আমাদের প্রতিপালকের পক্ষ হতে এক ভীতিপ্রদ ভয়ানক দিনের। — তাইসিরুল আমরা আশংকা করি আমাদের রবের নিকট হতে এক ভীতিপ্রদ ভয়ংকর দিনের। — মুজিবুর রহমান Indeed, We fear from our Lord a Day austere and distressful." — Sahih International

১০. নিশ্চয় আমরা আশংকা করি আমাদের রবের কাছ থেকে এক ভীতিপ্রদ ভয়ংকর দিনের।

তাফসীরে জাকারিয়া

- (১০) আমরা আশংকা করি আমাদের প্রতিপালকের নিকট হতে এক ভীতিপ্রদ ভয়ংকর দিনের।' [1]
  - [1] ইবনে আব্বাস (রাঃ) قَمْطُرِيرٌ এর অর্থ করেছেন সুদীর্ঘ। আর عَبُوْسٌ অর্থ কঠিন। অর্থাৎ, সেই দিন হবে অতীব কঠিন দিন। কঠিনতা ও ভয়াবহতার কারণে কাফেরদের জন্য তা হবে খুবই সুদীর্ঘ। (ইবনে কাসীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5601

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন